

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
.....
আর বণী ইসরাঈলদের জন্যে রসূল হিসেবে তাকে মনোনীত করবেন। তিনি বললেন নিশ্চয়ই আমি তোমাদের নিকট তোমাদের পালনকর্তার পক্ষ থেকে এসেছি নিদর্শনসমূহ নিয়ে।
সূরা আল ইমরান ৪৯

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ৯ রবিবার ৯ ২১ জুন ২০২৬ ৯ ০৫ মহররম ১৪৪৮ ৯ ০৭ আষাঢ় ১৪৩৩ ৯ ১০ম বর্ষ ৯ ১১ সংখ্যা ৯ ৪ পৃষ্ঠা ৯ ৫ টাকা

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট

শ্রীশ্রীশ্রী সিমেন্ট
ইস্রাইলের মজবুত গোড়ায়



সেবা : ০২৯১০০৬৬৬৪৫, ০২৭১১০২৭৭০৪



**প্রধানমন্ত্রীর চীন সফরে
সই হতে পারে দুই চুক্তিসহ
১৭ দ্বিপাক্ষীয় দলিল**
কীর্তনখোলা ডেস্ক
প্রধানমন্ত্রী তারেক রহমানের আসন্ন চীন সফরে বাংলাদেশ ও চীনের মধ্যে ১৩টি সমঝোতা স্মারকসহ ১৭টি দ্বিপাক্ষীয় দলিল ২ এর পাতায় দেখুন



**বেনজীরকে ফেরাতে
আরবিতে ১৪৪ পাতার
নথি পাঠিয়েছে সরকার**
কীর্তনখোলা ডেস্ক
সাবেক আইজিপি বেনজীর আহমেদকে ফেরাতে ১৪৪ পাতার নথি তৈরির পর আরবি ভাষায় অনুবাদ করে সংযুক্ত আরব আমিরাতে ২ এর পাতায় দেখুন



**আরেকটি অনিবার্য
বিপ্লবের জন্য
প্রস্তুতি নিতে হবে**
কীর্তনখোলা ডেস্ক
বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, আরেকটি অনিবার্য বিপ্লবের জন্য ২ এর পাতায় দেখুন



**অপরাধ ট্রাইব্যুনালে
তাড়াহুড়া করে বিচার
শেষ করতে চাই না**
কীর্তনখোলা ডেস্ক
ন্যায়বিচারের স্বার্থে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে তাড়াহুড়া করে বিচার শেষ করতে চান না বলে জানিয়েছেন ২ এর পাতায় দেখুন

হাসপাতালে রোগীদের দুর্ভোগ চরমে

প্রচণ্ড গরমে লোডশেডিং

জনজীবন বিপর্যস্ত

কীর্তনখোলা রিপোর্ট
তীব্র গরম আর বিদ্যুৎ উৎপাদনে ঘাটতির কারণে বরিশালে শুরু হয়েছে ঘন ঘন লোডশেডিং। বিশেষ করে গ্রামাঞ্চল এবং মফস্বল এলাকাগুলোতে দিনে-রাত্রে দীর্ঘ সময় বিদ্যুৎ থাকছে না। বিল্লিত হচ্ছে স্বাভাবিক জনজীবন ও অর্থনৈতিক কর্মকাণ্ড। গত এক সপ্তাহ ধরেই বরিশালে চলছে ব্যাপক বিদ্যুৎ বিভাট। প্রতিদিন গড়ে ৭ থেকে ৮ ঘণ্টা পর্যন্ত লোডশেডিং হচ্ছে বলে অভিযোগ স্থানীয়দের। এতে তীব্র ভোগান্তি হচ্ছে শিক্ষার্থী, চাকরিজীবী, কৃষক থেকে শুরু করে সব স্তরের সাধারণ মানুষের। গ্রাহকদের অভিযোগ- অসহ্য গরমের মধ্যে ঘন ঘন লোডশেডিং-এ দুর্বিহ্ন হচ্ছে জনজীবন।

কোনো কোনো পাওয়ার প্রায়টি ফুল লোডে চলাতে পারেনি। তবে ঘাটতি কমে গেলে লোডশেডিংও কমে যাবে। এদিকে বাগেরহাটেও গত কয়েক দিন ধরেই দীর্ঘ লোডশেডিং নিয়ে জোপাতিতে গ্রাহকরা। এমন পরিস্থিতিতে বিশ্বকাপ ফুটবলের আনন্দ অনেকটাই হ্রাস হয়ে গেছে স্থানীয়দের। ঘনঘন লোডশেডিং-এ বিশ্বকাপের খেলা ঠিকমত দেখতে না পারায় ক্ষুব্ধ খেলোয়াড়ীরা। আগামী ২ জুলাই থেকে শুরু হচ্ছে এইচএসসি পরীক্ষা। এভাবে লোডশেডিং চলতে থাকলে শিতদের পড়াশোনায় এর প্রভাব পরবে বলে মনে করছেন সচেতন মহল।



চলমান এই বিদ্যুৎ বিভাটে সবথেকে বেশি দুর্ভোগে পড়েছেন মেডিকেল ও হাসপাতালে থাকা রোগী ও তাদের স্বজনরা। বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালের নতুন পাচতলা ভবনটি মেডিসিন ওয়ার্ড নামে পরিচিত। দক্ষিণাঞ্চলের প্রধান চিকিৎসাসেবা প্রতিষ্ঠানের এই বর্তত ভবনে প্রতিদিন পাঁচ শতাধিক রোগী ভর্তি থাকেন। এখানে ১০ শয্যার নিবিড় পরিচর্যা কেন্দ্র (আইসিইউ) রয়েছে। ২ এর পাতায় দেখুন

হামে আরও
৭ শিশুর মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক
নতুন করে সারা দেশে হামের উপসর্গ নিয়ে আরও ৭ শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে ঢাকাতেই ৬ জন মারা গেছে। এই সময়ে নতুন করে আক্রান্ত হয়েছে ৮৮৭ জন। শনিবার (২০ জুন) স্বাস্থ্য অধিদপ্তরের সর্বশেষ প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। অধিদপ্তর সূত্রে জানা গেছে, গত ১৫ মার্চ থেকে হাম এবং হামের উপসর্গ নিয়ে এখন পর্যন্ত সারা দেশে ৬৭৭ শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে নিশ্চিতভাবে হামে মৃত্যু হয়েছে ৯৩ শিশুর। আর হামের উপসর্গ নিয়ে মারা গেছে ৫৮৪ জন। একই সময়ে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়েছে (পরীক্ষায় প্রমাণিত) ১০ হাজার ৯৪৯ জন। আর হামের উপসর্গ নিয়ে হাসপাতালে এসেছে ৯১ হাজার ৭৮৯ জন। আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা ঢাকা বিভাগে সবচেয়ে বেশি। এ বিভাগে হাম ও উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে ৩০৪ জনের, আর আক্রান্ত হয়েছে ৪৯ হাজার ৭৮৩ জন। এই হিসাব গত ১৫ মার্চ সকাল ৮টা থেকে আজ ২০ জুন সকাল ৮টা পর্যন্ত সময়ের।



সাপ্তাহিক জাগো নারীর ১২তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে কেক কাটেন বিবিসি প্রশাসক অ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন

বরিশালে পুলিশের বিশেষ
অভিযানে গ্রেফতার ৭৭

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীর সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও অপরাধ দমনে বরিশাল মেট্রোপলিটন পুলিশের (বিএমপি) বিশেষ অভিযানে নতুন করে ৭৭ জনকে গ্রেফতার করা হয়েছে। বিএমপি মিডিয়া

সেলের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, বরিশাল মহানগর পুলিশের চারটি থানা ও গোয়েন্দা শাখার (ডিবি) পৃথক পৃথক অভিযানিক দল নগরীর বিভিন্ন এলাকায় অভিযান পরিচালনা করে। অভিযানে গ্রেপ্তার পরোয়ানাভুক্ত ১৩ জন,

নিম্নিতম মামলায় ৫৭ জন, বরিশাল মহানগর অধ্যাদেশে ৬ জন এবং অন্যান্য আইনে ৬ জনকে গ্রেফতার করা হয়। সব মিলিয়ে মোট ৭৭ জনকে আটক করা হয়। পুলিশ জানায়, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় ২ এর পাতায় দেখুন



বরিশাল মিডিয়া কাপ টর্নামেন্টে খেলোয়াড়দের সাথে ফটোসেশনে উপস্থিত বিবিসি প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরীন ও ডিআইজি মোস্তাফিজুর রহমান

কার্টুন দেখানোর প্রলোভনে তিন
বছরের শিশুকে ধর্ষণের অভিযোগ

গৌরনদী প্রতিিনিধি
মোবাইলে কার্টুন দেখানোর প্রলোভনে দেখিয়ে ৩ বছরের এক শিশু কন্যাকে ধর্ষণের অভিযোগ উঠেছে ৬৫ বছরের এক বৃদ্ধের বিরুদ্ধে। বরিশালের গৌরনদী

উপজেলার বাউরগাতি গ্রামে এ ঘটনা ঘটে। অভিযুক্ত জালাল সিকদার (৬৫) ওই এলাকার মৃত আজাহার সিকদারের ছেলে। ভুক্তভোগী শিশুর পরিবারের অভিযোগ, গুরুববার বিকেলে

প্রতিবেশী জালাল সিকদার শিশুটিকে মোবাইলে কার্টুন দেখানোর কথা বলে নিজ বসত ঘরের ভেতরে ডেকে নিয়ে ধর্ষণ করে। জালালকে একাধিক বিয়ে ২ এর পাতায় দেখুন



নারীকে কটুক্তি
করা ওসি এনামুল
প্রত্যাহার

বরগুনা প্রতিিনিধি
নারী বাদীকে ‘আপনি কি সেই মাল’ বলা বরগুনার পাথরঘাটা থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. এনামুল হককে বর্তমান কর্মস্থল থেকে প্রত্যাহার করে বরগুনা পুলিশ সুপারের কার্যালয়ে সংযুক্ত করা হয়েছে। তার বিরুদ্ধে মামলা এখানে গড়িমসি, ভুক্তভোগীদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ এবং সরকারি নথির যোগাযোগ না করার ২ এর পাতায় দেখুন

জমি বিরোধে বাবার লাশ
দাফনে সন্তানদের বাধা

চরফ্যাশন প্রতিিনিধি
ভোলার চরফ্যাশনে বাবার লাশ দাফনে বাধা দিয়েছেন তার নিজের সন্তানরা। এ নিয়ে এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। শনিবার (২০ জুন) উপজেলার শশীভূষণ থানার রসুলপুর ওনং ওয়ার্ডে

ঘটে। খবর পেয়ে শশীভূষণ থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছালেও উত্তেজনা পুরোপুরি নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়নি। পুলিশের সামনেই কয়েক দফা সংঘর্ষের ঘটনা ঘটে বলে জানা যায়। পরবর্তীতে এলাকাবাসী পরিস্থিতি শান্ত করার চেষ্টা করে সন্তানদের বুঝিয়ে



মৃত জলিল পণ্ডিতের লাশ নিজ বাড়ির উঠানে নামানো জালাল শেখের তত্ত্বাবধি করে দাফন সম্পন্ন করেন। জালাল পণ্ডিত জীবদশায় ৪টি বিয়ে করেন এবং বর্তমানে তার দুই স্ত্রী ও সাতজন ছেলেমেয়ে রয়েছে। সন্তানদের অভিযোগ, তিনি রেখে যাওয়া সম্পত্তি ছোট স্ত্রীর মেয়ে খাদিজা আক্তারের নামে দলিল করে যান। এই সম্পত্তিতে বিরোধের জের ধরেই লাশ দাফনে ২ এর পাতায় দেখুন

শত শত শিকড়ের শিক্ষক, দক্ষিণ বাংলায় প্রসারিত বাংলা জ্ঞানপত্রিত ও ব্যাকরণবিশি বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক শিক্ষার্থীরা এখন এক বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পটীশা শিক্ষক।

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা





উচ্চ মাধ্যমিক ও সমমান প্রেপির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য

বইটি প্রস্তুতকরের ভিত্তিতে সচিব, ডাঃ উচ্চ মাধ্যমিক প্রেপির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক, সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আশেদারবাড়ী কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সুনামশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাণ্ডুর জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল
প্রকাশন

বরিশাল নগরীর যেসব ছানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিন্ডা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি বাগেরহাট, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ বাগেরহাট, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি হাট নদী ও কলকাতা রাস্তা, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হাট নদী ও কলকাতা রাস্তা, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম. কলেজের আদ্যে 01726-074663	হক লাইব্রেরি বি.এম. কলেজের আদ্যে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম. কলেজের আদ্যে 01717-488083



সদর উপজেলা জামায়াতের
কর্মী শিক্ষাশিবির সম্পন্ন

কীর্তনখোলা রিপোর্ট
বাংলাদেশ জামায়াতে ইসলামী, বরিশাল সদর উপজেলা শাখার উদ্যোগে বাহাইকৃত কর্মীদের নিয়ে নগরীর একে স্কুল মিলনায়তনে শিক্ষাশিবির অনুষ্ঠিত হয়েছে। থানা আমীর মাওলানা সফিউল্লাহ তালুকদারের সভাপতিত্বে আয়োজিত কর্মী শিক্ষাশিবিরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগরী আমীর মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ বাবর। প্রধান অতিথির বক্তব্যে জহির উদ্দিন বাবর বলেন, ইসলামী আন্দোলনের কর্মী হওয়া একটি মহান দায়িত্ব ও আমানত। এই দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য কর্মীদেরকে সঠিক, ইখলাস, তাকওয়া, আত্মত্যাগ ও শৃঙ্খলার গুণাবলিতে সজ্জ হতে হবে। তিনি বলেন, একজন কর্মীর ব্যক্তিগত আমল, সাংগঠনিক দায়িত্ববোধ ও জনসম্পৃক্ততা যত শক্তিশালী হবে, আন্দোলনের অগ্রযাত্রাও তত বেগবান হবে। তিনি আরও বলেন, ইসলামী আন্দোলনের কর্মীদের মানুষের সুখ-দুঃখে পাশে দাঁড়াতে ২ এর পাতায় দেখুন

জেলের জালে
রাজা ইলিশ,
দাম ৯ হাজার

মনপুরা প্রতিিনিধি
ভোলার মনপুরার মেঘনা নদীতে জেলের জালে ধরা পড়েছে রাজা ইলিশ। মাছটির ওজন দুই কেজি ইউনিসেক এই তথ্য নিশ্চিত করেছে। অবরুদ্ধ গাজা উপত্যকার ইসরায়েলি বাহিনীর অব্যাহত হামলার মুখে এই যুদ্ধবিরতিতে একটি হাজার টাকায় বিক্রি করা হয়েছে। শনিবার (২০ জুন) ইউনিসেক গুরুববার (১৯ জুন) জানিয়েছে, ২০১৫ সালের অক্টোবর মাসে সংঘাত অবসানের ঘোষণা দেওয়ার পর থেকে এ পর্যন্ত ইসরায়েলি বাহিনীর হামলায় অন্তত ২৬৫টি ফিলিস্তিনি শিশু নিহত হয়েছে। সুইজারল্যান্ডের জেনেভায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে ইউনিসেফের মুখপাত্র জেমস এক্সার বলেন, ‘যে সময়টিকে সংঘম ও সুরক্ষার সময়কাল বলে ধরে নেওয়া হয়েছিল, সেই সময়েও গত আট মাসের বেশি সময় ধরে প্রতিদিন ২ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **বালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

—মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪৯

মম্বাদকীয় আইনের আওতায় আনা হোক বাংলাদেশের উন্নয়নে প্রধান বাধা দুর্নীতি এটি সবাই একবাক্যে স্বীকার করে। জাতীয় ও আন্তর্জাতিক অনেক সংস্থা বাংলাদেশের লাগামহীন দুর্নীতি নিয়ে বহুভাবে সতর্ক করে আসছে। কিন্তু পরিভাপের বিষয় হচ্ছে দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার এসব না কমে উঠেটা আরো ভালপালা মেলাছে। ওয়াশিংটনভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান গ্লোবাল ফিন্যান্সিয়াল ইন্সটিটিউট (জিএফআই) তথ্য অনুযায়ী, বাংলাদেশ থেকে প্রতিবছর গড়ে প্রায় ৭৪ হাজার ৪৭৫ কোটি টাকা পাচার হয়ে যায়। কিন্তু দুর্নীতি প্রতিরোধে রাষ্ট্র ক্রমাগত ব্যর্থতার পরিচয় দিয়ে চলেছে। দুর্নীতিবিরোধী সংস্থাগুলোর ভূমিকাও দারুণভাবে প্রশ্নবিদ্ধ। ফলে একজন সাবেক আইজিপি বিরুদ্ধে, একজন ডিবি হারুনের বিরুদ্ধে, পুলিশের একজন অতিরিক্ত মহাপরিদর্শকের বিরুদ্ধে কিংবা ক্ষমতার কেন্দ্রে থাকা আরো অনেকের বিরুদ্ধে শত শত কোটি টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ ওঠে। আরো অবাক করা বিষয় হলো, অপকর্মের বহু অভিযোগের পরও তাঁদের অনেকেই দীর্ঘ সময় ধরে গ্রেফতার এড়িয়ে যাচ্ছেন। প্রকাশিত খবরে বলা হয়, অর্থনৈয়মন্ত্রীসদৃশ হিসেবে পরিচিত পুলিশের সাবেক কর্মকর্তা ডিবি হারুনের বিরুদ্ধে অভিযোগের সত্ত্বে নেই। জাতীয় বিপর্যিস্থ শত শত কোটি টাকার সম্পদ অর্জন, ক্ষমতার অপব্যবহার, চাঁদাবাজি, জমি দখল, নির্মাতেন, গুম-অপহরণ, রাজনৈতিক পক্ষপাত, এমনকি নারী কেন্দ্রোন্নতির অভিযোগও রয়েছে তাঁর বিরুদ্ধে। জানা যায়, তাঁর বিরুদ্ধে থাকা মামলার সংখ্যা ১৮৫। দুর্নীতি দমন কমিশনের (দমক) আবেদনের ভিত্তিতে আদালত তাঁর অনেক সম্পদ জব্দ করেছে। তা সত্ত্বেও আজ পর্যন্ত ডিবি হারুন গ্রেফার হননি। ২০১৪ সালের ৫ আগস্টের পর থেকেই তিনি পলাতক। আইনের শাসনের জন্য এটি ভালো দৃষ্টান্ত নয়। সাবেক পুলিশ মহাপরিদর্শক মুহাম্মদ নুসুল হান্না গণমাধ্যমকে বলেন, ‘আইন সবার জন্য সমান। দোষী হোক কিংবা নির্দোষ, দ্রুত তদন্ত করে ব্যবস্থা দিতে হবে। অন্যথায় বাহিনীর সদস্যদের মনোবলও নৈতিচাচক প্রবল পড়বে।’ বাংলাদেশ পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদ সবুজ আরব আমিরাতের দুবাইয়ে গ্রেফতার হয়েছেন। তাঁকে দেশে ফিরিয়ে আনার জন্য চলেছে বহুমুখী আইনি ও কূটনৈতিক তৎপরতা। জানা গেছে, তাঁকে বিচারের মুখোমুখি দাঁড় করানোর জন্য প্রয়োজনীয় নথিপত্র প্রস্তুতের কাজ হুড়াহুড়ি করতেই দমক। জানা যায়, বেনজীরকে ফেরত পাবার অনুরোধপত্র স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। সেখান থেকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে তা আরব আমিরাত সরকারের কাছে পৌঁছানো হবে। আশা করা যায়, বেনজীর আহমেদকে শিপিগরিই দেশে ফিরিয়ে আনা যাবে। কিন্তু তাঁর ভদ্র হাত বৃথা পরিচিত পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক পাঞ্জা মোে, মোজাম্মেল হক এখানে গ্রেফতার হননি। তাঁর বিরুদ্ধেও জমি দখল, ক্ষমতার অপব্যবহার, জোরপূর্বক জমি লিখে নেওয়া, নদী ভরাট, অবৈধ সম্পদ অর্জন ও শত শত কোটি টাকার সম্পদের মালিক হওয়ার অভিযোগ রয়েছে। গণমাধ্যমে প্রকাশিত খবর অনুযায়ী, তিনি এখানে দেশেই এছেন এবং সন্দর্পে ঘুরে বেড়াচ্ছেন। ব্যক্তিবিশেষের প্রতি আইনের প্রয়োগ ক্ষিন্ন হলে মানুষ তা থেকে ভিন্ন বাতাই পায়। দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগ অনেক পুরনো। এসব থেকে রাষ্ট্রকে মুক্ত করতে হবে। আর সে জন্য অপরাধী-নির্দোষে কঠোরভাবে আইনের প্রয়োগ করতে হবে। দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা গেলে তা অন্যদের সতর্ক করবে, অপরাধ থেকে নিবৃত্ত করবে। পাশাপাশি অপরাধের বিরুদ্ধে রাষ্ট্রের নগরদারি বাড়াতে হবে, যাতে শত শত কোটি টাকার দুর্নীতি করার আগেই অপরাধীকে আইনের আওতায় আনা যায়।

দেশে ফিরেছেন ৬১ হাজার

৪ হাজার ১০ জন হাজি দেশে ফিরেছেন। সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, বাকি হাজিরা নির্ধারিত এয়ারলাইন্সের মাধ্যমে পর্যায়ক্রমে দেশে ফিরবেন। এদিকে চলতি হজ মৌসুমে সৌদি আরবে ৩৬ জন পুরুষ ও ১৮ জন নারীসহ ৫৪ জন বাংলাদেশির মুত্ভা হয়েছে। তাদের মধ্যে মক্কার ৩৭ জন, মদিনায় ১৬ জন এবং জেদ্দায় একজন মুত্ভাবরণ করেন। তবে মিনা বা মুজল্লাফিয়ায় কোনো মৃত্যুর ঘটনা ঘটেনি। হজ বুলেটিন অনুযায়ী, ৪১৫ জন বাংলাদেশি হাজি সৌদি আরবের বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নিয়েছেন এবং ১১ জন হাসপাতালে ভর্তি ছিলেন। সৌদি মেডিকেল সেন্টারগুলো ৬৬ হাজার ২৪৯ জন হাজিকে স্বাস্থ্যসেবা দিয়েছে এবং মক্কা ও মদিনার আইটি হেল্প ডেস্ক ২৮ হাজার ১৯৮ জন হাজিকে বিভিন্ন তথ্য ও সেবা দিয়ে সহায়তা করেছে। গত ১৮ এপ্রিল প্রথম বহিরাগী ফ্লাইটের মাধ্যমে চলতি বছরের হজ পরিবহন কার্যক্রম শুরু হয় এবং ২১ মে প্রাক হজ ফ্লাইট সম্পন্ন হয়। চলতি বছরের ২৬ মে পবিত্র হজ অনুষ্ঠিত হয়। হজের আনুষ্ঠানিকতা শেষে ৩০ মে থেকে ফিরতি ফ্লাইট শুরু হয় এবং তা আগামী ১ জুলাই পর্যন্ত চলবে। হজ অফিসের তথ্যমতে, এবার বাংলাদেশের জন্য সরকারি ব্যবস্থাপনায় ৪ হাজার ৫৬৫ জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় ৭৩ হাজার ৯৩৬ জনসহ মোট ৭৮ হাজার ৫০০ জন হজযাত্রীর কোটা বরাদ্দ ছিল।

বরিশালে পুলিশের বিশেষ

আইনগত কার্যক্রম প্রক্রিয়ানয়ন রয়েছে। এ বিষয়ে বরিশাল কোআর্ডিনাি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আল মামুন উল ইসলাম বলেন, “নগরীর আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা, অপরাধ নিয়ন্ত্রণ এবং পরোয়ানাত্ত্বক আসামিদের গ্রেফতারে পুলিশের বিশেষ অভিভান চলমান রয়েছে। জন্মনিয়োগ পা নিশ্চিত ভবিষ্যতেও এ ধরনের অভিভান অব্যাহত থাকবে।” তিনি আরও বলেন, অপরাধ দমনে জনগণের সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। যে কোনো অপরাধমূলক কর্মকাণ্ডের তথ্য তাত্ক্ষণিকভাবে পুলিশকে অবহিত করতে নগরবাসীর প্রতি আহ্বান জানান তিনি।

অপরাধ ট্রাইব্যুনালে তাড়াহুড়া

চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। তিনি বলেন, ‘প্রতিহিংসাপরায়ণ হয়ে নয়, বরং নিরপেক্ষভাবে মানবতাবিরোধী অপরাধের মামলার বিচার করতে চেষ্টা করছি। ন্যায়বিচারের স্বার্থে তাড়াহুড়া করে বিচার কার্যক্রম শেষ করতে চাই না। প্রয়োজন হলে অতিরিক্ত সময় নিয়ে হলেও নিরপেক্ষ ও গ্রহণযোগ্য বিচার সম্পন্ন করতে চাই।’ শনিবার (২০ জুন) ঢাকা রাস্তায় সুপ্রিম কোর্ট রিপোর্টার্স ফোরামের বার্ষিক সাধারণ সভা-২০২৬-এ আমন্ত্রিত অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। চিফ প্রসিকিউটর বলেন, ‘বর্তমানে আমাদের দুটি ট্রাইব্যুনালে বিচারকাল চলছে। একই মামলা ৩০টি মামলা বিচার্যায়ী। আরও নতুন মামলা আসছে। একটি মামলা নিষ্পত্তি করতে তিন থেকে চার মাস লাগতে পারে। কিছু ক্ষেত্রে আরও কম-বেশি সময়ও লাগে। স্বাভাবিক গতি যেভাবে বিচারকার্য চলায়, ঠিক সেভাবেই করছি। যদিও মামলার সংখ্যা প্রতিবর্তিতই বাড়ছে। প্রতিবর্তনেও দাখিল হচ্ছে। তাই এই দুটি ট্রাইব্যুনালের পক্ষে একটা সময় অতিরিক্ত চাপ পড়ে যাবে। এজন্য ট্রাইব্যুনাল ও প্রসিকিউশন টিম বাড়ানোর প্রয়োজন হতে পারে। বাড়ানো হতে পারে তদন্ত সংস্থার কর্মকর্তাও।’ আমিনুল ইসলাম জানান, ট্রাইব্যুনালে কোনো অভিযোগ যাতে প্রতিহিংসামূলক, মিথ্যা বা উদ্দেশ্যপ্রণোদিত না হয়, সে বিষয়ে প্রসিকিউশন কঠোর অবস্থানে রয়েছে। প্রতিটি অভিযোগ ও মামলার ক্ষেত্রে যথাযথ যাচাই-বাছাই নিশ্চিত করা হচ্ছে। তিনি দায়িত্ব নেওয়ার পর পাঁচ থেকে ছয়টি মামলা পুনঃতদন্তের জন্য তদন্ত সংস্থায় ফেরত পাঠিয়েছেন। চিফ প্রসিকিউটর আরও বলেন, ‘আমার হাত দিয়ে কোনো নিরীহ মানুষ যেন হয়রানির শিকার না হন, আমার কোনো দোষীও যেন রেহাই না পান। আমি চেষ্টা করছি একটি অভিযোগও যেন প্রতিহিংসামূলক বা ভুয়া না হয়। অর্থাৎ এমন যেন বিতর্কের জন্য না দেয়। অতএব আমাদের এই বিচার কথনো যেন প্রশ্রবিদ্ধ না হয়- সেভাবেই আমরা দায়িত্ব পালন করে যাচ্ছি। প্রতিটি অভিযোগ ও মামলার ক্ষেত্রে যথাযথ যাচাই-বাছাই নিশ্চিত করা হচ্ছে।’ সুপ্রিম কোর্ট রিপোর্টার্স ফোরামের সভাপতি মাসউদুর রহমানের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মেহেদী হাসান ভলিমের সঞ্চালনায় অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে আরও বক্তবা দেন আর্টনি জেনারেল ব্যারিস্টার মো. রুহুল কুদ্দুস কানন, বিএনপির আইনবিষয়ক সম্পাদক ব্যারিস্টার এম বদরুদ্দোজা বাদল, সুপ্রিম কোর্ট বার সম্পাদক

অ্যাডভোকেট মোহাম্মদ আলী, সুপ্রিম কোর্টের আইনজীবী শিশির মনির প্রমুখ।

আরেকটি অনিবার্য বিপ্লবের

প্রগতি নিতে হবে। এই বিপ্লব কোনো দলকে ক্ষমতায় বসানোর জন্য নয়, কোনো গোষ্ঠী এবং পরিবারকে তোষামোদ করার জন্য নয়। কোনো আধিপত্যবাদের কাছে মাথা নত করার জন্য নয়। বরং দুনিয়ার বুকে স্বাধীন, সার্বভৌম রাষ্ট্র হিসেবে সম্মান, ইজ্জত, শক্তি, সাহস নিয়ে মাথা তুলে দাঁড়ানোর জন্য হবে আগামীর বিপ্লব। তিনি বলেন, সেই অনিবার্য বিপ্লবের প্রগতি নেওয়ার আহ্বান জানিয়ে একটি শােষণ, দুর্নীতিমুক্ত, চাঁদাবাজমুক্ত, দলীয় প্রভাবমুক্ত একটি মানবিক বাংলাদেশ গড়ার জন্য আমি যুব সমাজের প্রতি আর একবার প্রাণ খুলে আহ্বান জানাচ্ছি। শনিবার (২০ জুন) বিকেলে খুলনা সার্কিট হাউজ ময়দানে গণভোটের রায় বাস্তবায়ন, জনদরভোগ লাঘবসহ বিভিন্ন দাবিতে জামায়াত নেতৃত্বাধীন ১১ দলীয় একের খুলনায় বিভাগীয় সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে শফিকুর রহমান এসব কথা বলেন। জামায়াতের আমির বলেন, বিএনপি জাতির সাথে দেওয়া কথা রাখেনি। আমরা বিএনপিকে বলছি, দেশ এবং জাতির স্বার্থে আপনারা ভুল করছেন, ভুল সংশোধন করে জনগণের কাতারে আসুন। জনরায়কে সম্মান করুন, জনরায়কে সম্মান করার পরিণতি কি হতে পারে দফায় দফায় দেখার পরেও যদি শিক্ষা না হয়, জীবনেও আপনাদের শিক্ষা হবে না। তিনি বলেন, খুলনাবাসী আপনারা যে রায় দিয়েছিলেন, সেই রায়টিই আপনাদের কাছে চেয়েছিলাম। আর আমরা বলেছিলাম, এই রায় বাস্তবায়ন করা হবে সংসদে গিয়ে, আমাদের দায়িত্ব। চুরি, ডাকাতি, ইঞ্জিনিয়ারিং করে ভোট কেড়ে নেওয়া হয়েছে, নেওয়া হোক। আমরা সংসদে যা আছি তাই নিয়ে আমরা জিৎসহের মতো লড়াই করে যাব। আমরা জানি সহজ কামে পানি ঢুকবে না, তখন সিরিঞ্জ দিয়ে ঘনি ঢুকাতে হয়, তাহলে আমরা ঢুকা। যদি ফয়সালা সংসদে না হয়, তাহলে যেখানে কথা বলতে মাননীয় স্পীকার বলতে হয় না, যেখানে কথা বলতে স্পীকারের অনুমোদন লাগে না। সেই খুলনা, বরিশাল, চট্টগ্রাম, কুমিল্লা, সিলেট, ময়মনসিংহ, রূপপুর, রাজশাহী, বগুরার মত সব জায়গা থেকে আগ্নেয়গিরি তৈরি হবে। এই আগ্নেয়গিরির দাবানলে সমস্ত আবর্জনা পুড়ে ছারখার হয়ে যাবে। শফিকুর রহমান বলেন, শত যন্ত্রণা বুকে নিয়ে নির্বাচনের ফলাফলকে আমরা মেনে নিয়েছি। দেশে একটা গৃহযুদ্ধ শুরু না হোক সেই জন্য আমরা মেনে নিয়েছিলাম। আমরা কারও অপ-পা-দাদার চোখ কাটানোকে দাবায়া করবো না। অন্যায়ের কাছে আমরা মাথা নত করবো না। আমাদের নেতৃবৃন্দ হারতে হারতে ফাঁসির তলায় দাঁড়িয়ে মুচকি হাসি দিয়ে শিখিয়ে দিয়েছেন জাতির জন্য প্রয়োজনে তোমাদেরকেও এই মুচকি হাসি দেওয়ার জন্য তৈরি থাকতে হবে। খানজাহান আলী, মারাজালাদের এই বাংলাদেশে জনগণ সেই মুচকি হাসি দেওয়ার জন্য প্রস্তুত। তিনি বলেন, আমরা কোনো আধিপত্যবাদের কাছে মাথা নত করবো না। সরকারকে স্পষ্ট বলে দিচ্ছি, যদি এই দেশবাসী এবং আমরা দেখতে পাই আধিপত্যবাদের সামনে আপনারা মাথা নত করছেন, আপনাদেরকেও আমরা ছেড়ে কথা বলবো না। সাবধান, ২০ কোটি মানুষের ২৪ কোটি হাত আজ প্রস্তুত। বিরোধীদলীয় নেতা বলেন, সীমাত্তে সুড়সুড়ি দেওয়া হচ্ছে। পুশবর্তের নামে একটা দেশে তাদের নগরিকদের অৈবধাব্যে আমাদের দেশে ফেলে দিতে চাচ্ছে। আমাদের হৃষ্টিয়ে বিজিবি সদস্য সীমাত্তে যখন দাঁড়িয়ে গিয়েছে, জনগণ তখন তাদের ডান হাতে পরিণত হয়েছে। এই ডান হাত সারা বাংলাদেশের ২০ কোটি মানুষ। আমরা চাই না আমাদের কোনো প্রতিবেশীর গুম এবং শাস্তি কেড়ে নিতে। আবার কোনো প্রতিবেশী আমাদের দেশে তাদের কালো হাত বাড়াক, ওঠাও আমরা চাই না। যদি কেউ আমাদের দিকে কালো হাত বাড়ায়, হানান আল্লাহর ওপর ভরসা রেখে বলছি- সেই কালো হাত ভেঙে দেওয়া হবে ইনশাআল্লাহ। জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ারের সভাপতিত্বে খুলনা বিভাগীয় সমাবেশে প্রধান ও বক্তব্য দেন লিরাবেল মোমেনাফিক্কা পাটিল (এলপিটি) চেয়ারম্যান ডা. অলি আহমাদ বীর ব্রিক্স, বাংলাদেশ খেলাপত মজলিসের আমির মামুনুল হক, জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক রাসীলুদ্দীন পাটওয়ারী, লেবার পার্টির চেয়ারম্যান মুস্তাফিজুর নামান ইসলাম হান্নান, খেলাফত মজলিসের সিনিয়র নায়েরে আমির সাখাওয়াত হোসাইন, জাগপার সহসভাপতি রাশেদ প্রধান প্রমুখ।

বেনজীরকে ফেরাতে আরবিতে

(ইউএই) সরকারের কাছে পাঠিয়েছে বাংলাদেশ সরকার। আমিরাত সরকার যথায়থ প্রক্রিয়া অনুসরণ করে শিগগির বেনজীর আহমেদকে ফেরত দেওয়ার ব্যবস্থা করবে। শনিবার (২০ জুন) দুপুরে বাংলাদেশ সচিবালয়ের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত আইনশৃঙ্খলা বক্ষায় কৃতিত্বপূর্ণ ও প্রশংসনীয় কাজের স্বীকৃতিস্বরূপ পুলিশ সদস্যদের পুরস্কার প্রদান অনুষ্ঠানে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আমরা ৩০ দিন নয়, ঘটনার পরের দিনই কাগজপত্র পাঠিয়েছি। ওয়ারেন্টে, মামলার বিবরণীসহ অনেক কাগজ দেওয়া হয়েছে। সেটা আবার আরবিতে ট্রান্সলেট করতে হয়েছে। তিনি বলেন, পুলিশ অফিসাররা সেদিন (১৪ জুন) রাত ৯টা পর্যন্ত ১৪৪ পাতার নথিপত্র তৈরি করেছে। রাত ১০টার সময় সংসদে বসে সেটি আমি সই করি। সেদিনই কাগজপত্র পররাষ্ট্র মন্ত্রণালয় দুবাইয়ে পাঠিয়েছে। সেদিন পররাষ্ট্রমন্ত্রীকে আমি আনঅফিসিয়াল কপি দিয়েছি। পরেরদিন সকালে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব অফিসিয়ালি পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিবের কাছে হস্তান্তর করে। ওইদিন বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয় আরবিতে ট্রান্সলেট করে ডিপ্লোমেটিক ব্যাগে করে ইউএই সরকারকে পাঠিয়েছে এবং লোকাল ইউএই অ্যাম্বাসিকে জানানো হয়েছে। দুবাই থেকে বেনজীর আহমেদকে ফিরিয়ে আনা সহজ হবে কি না জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এখানে মনে করার বিষয় নয়, দেখার বিষয়। আগের যে কোনো সরকারের তুলনায় বর্তমান প্রধানমন্ত্রীর নির্দেশনায় স্বরাষ্ট্র মন্ত্রণালয় দ্রুতগতিতে কাজ করছে। ১২ জুন ফেডারেল পুলিশের পক্ষ থেকে ইস্টারপোলের মাধ্যমে আমাদের এনসিবিকে ইমেইলে জানানো হয়েছে বেনজীর আহমেদকে তারা গ্রেফতার করেছেন। আমাদের জারি করা রেড নোটিশের মাধ্যমে তারা বেনজীর আহমদের গ্রেফতার করে। আমি সেদিন বিকেলেই জাতীয় সংসদে জাতিকে অবহিত করেছি। ওখানে আমি বলেছি ইমেইলে তারা অনুরোধ করেছে ৩০ দিনের মধ্যে যেন আমাদের সমস্ত কাগজপত্র পাঠিয়ে দেই বেনজীরকে দেশে ফিরিয়ে আনার জন্য। সালাহউদ্দিন আহমদ বলেন, আমরা আশা করি দেশটির সরকার যথায়থ প্রক্রিয়া অনুসরণ করে খুব শিগগির বেনজীর আহমেদকে ফেরত দেওয়ার ব্যবস্থা করবে। আমরা পারসুয়েশনে থাকবো। বেনজীর আহমেদের বিষয়ে নথি পাঠানোর পরে কোনো উত্তর এসেছে কি না জানতে চাইলে মন্ত্রী বলেন, তারা এখনো কিছু পাঠায়নি। তাদের দেশের আইন অনুসারে ফেরত পাঠানোর একটা প্রক্রিয়া আছে। গুরু-শনিবার সেই দেশে ফেরতে। আজকের দিন থেকে আগামীকাল রোববার আমরা অফিসিয়ালি খোঁজ নেবো। আরব আমিরাতের সঙ্গে বন্দি বিনিময় চুক্তি আছে কি না এবং কোন প্রক্রিয়ায় বেনজীর আহমেদকে ফেরত আনা হবে এমন প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এনসিবি ও ইউএই ফেডারেল পুলিশ ডিপার্টমেন্ট আমাদের ইমেইলে অনুরোধ করেছে ৩০ দিনের মধ্যে কাগজপত্র পাঠাতে। চুক্তি থাকুক আর না থাকুক ইউএন চার্টার অনুসারে আমরা কিছু কিছু বিষয়ে স্বাক্ষরিত দেশ। সেখানে তারাও (ইউএই) সই করেছে। ইউএইর সঙ্গে মিডিয়াল লিগ্যাল অ্যাসিসটেন্স রিকুরেন্ট (এমএলএআর) চুক্তি রয়েছে। এই

প্রক্রিয়ায় বেনজীর আহমেদকে ফেরত আনার ক্ষেত্রে কোনো জটিলতা হবে কি না জানতে চাইলে অর্থমন্ত্রী বলেন, আমি মনে করি না জটিল হবে।

প্রধানমন্ত্রীর চীন সফরে

সই হতে পারে বলে জানিয়েছেন পররাষ্ট্রসচিব আসাদ আলম সিয়াম। শনিবার (২০ জুন) সকালে পররাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি। পররাষ্ট্রসচিব বলেন, সম্ভাব্য দলিলগুলোর মধ্যে রয়েছে ১৩টি সমঝোতা স্মারক (এমওইউ), দুটি চুক্তি, একটি কর্মপরিকল্পনা (অ্যাকশন প্ল্যান) ও একটি প্রটোকল। এছাড়া সফরকালে ভিস্তা প্রকল্প নিয়েও আলোচনা হওয়ার সম্ভাবনা রয়েছে। আসাদ আলম সিয়াম বলেন, মালয়েশিয়া ও চীন সফরে প্রধানমন্ত্রীর প্রতিনিধিদলের আকার তুলনামূলকভাবে ছোট রাখা হয়েছে। মালয়েশিয়া সফরে ২৭ জন এবং চীন সফরে ২৮ সদস্যের প্রতিনিধিদল থাকবে। আমরা প্রতিনিধিদলের আকার যৌক্তিক পর্যায়ে রাখার চেষ্টা করেছি। তিনি বলেন, আগামীকাল (রোববার) থেকে প্রধানমন্ত্রী তারেক রহমানের মালয়েশিয়া ও চীন সফর শুরু হতে যাচ্ছে। এ সফরকে বাংলাদেশের অর্থনৈতিক অশৈলীদারত্ব জোরদার, বিদেশি বিনিয়োগ আকর্ষণ এবং আঞ্চলিক সংযোগ সম্প্রসারণের লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ কূটনৈতিক উদ্যোগ হিসেবে দেখা হচ্ছে। মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের আমন্ত্রণে রোববার বিকেলে কুয়ালালামপুরের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন প্রধানমন্ত্রী। সেখান থেকে সোমবার বিকেলে তিনি চীনের উদ্দেশে রওনা হবেন। চীনের প্রধানমন্ত্রী ও স্টেট কাউন্সিলের প্রিমিয়ার লি চিয়াংয়ের আমন্ত্রণে তিনি চীন সফর করবেন। চলতি বছরের ফেব্রুয়ারিতে বাংলাদেশ সরকারের দায়িত্ব নেওয়ার পর এটি হবে প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রথম বিদেশ সফর। আসাদ আলম সিয়াম বলেন, চীন সফরকালে প্রধানমন্ত্রী ‘ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের ১৭তম বার্ষিক ‘নিউ চ্যান্সেলিয়ান’ সম্মেলন ‘সামার দাভোস ফোরাম ২০২৬’-এ অংশ নেবেন। আয়োজকরা জানিয়েছে, চীনের উত্তরপূর্বাঞ্চলীয় লিয়াওনিং প্রদেশের বদরনগরী দালিয়ানে ২০ থেকে ২৫ জুন এ ফোরাম অনুষ্ঠিত হবে। এক সংবাদ সম্মেলনে অনুষ্ঠানের এক মুখপাত্র জানান, ৯০টির বেশি দেশ ও অঞ্চলের ১ হাজার ৭০০ এর বেশি অংশগ্রহণকারী এ সম্মেলনে যোগ দেবেন। পাশাপাশি অনুষ্ঠান আয়োজকের প্রস্তুতিও প্রায় সম্পন্ন হয়েছে। এবারের সম্মেলনের প্রতিপাদ্য হচ্ছে ‘ইনোভেশিও অ্যাট স্কেল’ বা, ‘বৃহৎ পরিসরে উদ্ভাবন’। এতে চীনের অর্থনীতির পরবর্তী ধাপের গতিপথ এবং গ্রন্থিগত অগ্রগতিকের কীভাবে বাস্তব অর্থনৈতিক সুফলে রূপান্তর করা যায়, সে বিষয়ে আলোচনা হবে। সফরসূচি অনুযায়ী, ২৫ জুন চীনের প্রধানমন্ত্রীর সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করবেন প্রধানমন্ত্রী। এছাড়া ২৬ জুন তিনি চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে সাক্ষ্য করবেন। সফর শেষে আগামী শুক্রবার রাতে প্রধানমন্ত্রীর দেশে ফেরার কথা রয়েছে। সফরের মালয়েশিয়া পর্বে বার্বিডা সম্প্রসারণ, শ্রমবাজারে সহযোগিতা এবং বিনিয়োগের সুযোগ বৃদ্ধির বিষয়গুলো গুরুত্ব পাবে।

নারীকে কটুক্তি করা

অভিযোগের মধ্যেই এ আদেশ জারি করা হয়েছে। শনিবার (২০ জুন) বরভনা পুলিশ সুপারের কার্যালয় থেকে অতিরিক্ত পুলিশ সুপার (জেইম আভ্য অপস) ও পুলিশ সুপার (ভারপ্রাপ্ত) এফ. এম. ফয়সাল স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়। আদেশে বলা হয়, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত জেলা কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক (ওসি) মো. এনামুল হককে প্রশাসনিক কারণে তার বর্তমান কর্মস্থল পাথরঘাটা থানা থেকে প্রত্যাহারপূর্বক পুলিশ সুপারের কার্যালয়, বরভনায় সংযুক্ত করা হয়েছে। বিষয়টি নিশ্চিত করে বরভনা অতিরিক্ত পুলিশ সুপার (পাথরঘাটা সার্কেল) মোহাম্মদ শাহেদ চৌধুরী বলেন, অফিস আদেশ অনুযায়ী ওসি মো. এনামুল হককে পুলিশ সুপারের কার্যালয়ে সংযুক্ত করা হয়েছে। এর আগে পাথরঘাটার এক নারী স্থানীয় এক বিএনপি নেতার বিরুদ্ধে মামলা করতে গিয়ে ওসির কাছে অপদ্রস্ত হওয়ার অভিযোগ তোলেন। তার দাবি, খোলা গ্রহণে টাণবাহানা করা হয় এবং ন্যায়বিচার পেতে গিয়ে তিনি বিভিন্ন ধরনের হয়রানির শিকার হন। ওই নারীর ভাষ্য অনুযায়ী, ওসি মোহাম্মদ এনাম তাকে উদ্দেশ্য করে বলেন, ‘আপনি কি সেই মাল? ইবলিস যেন কোথাকার। এ ঘটনায় তিনি নিজেকে অপমানিত ও বিব্রত বোধ করেন। ওই সময় সাবেক পাথরঘাটা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা বিএনপির নেত্রী মরিয়ম চৌধুরী জেবু উপস্থিত ছিলেন। এ বিষয়ে মরিয়ম চৌধুরী জেবু বলেন, ‘আমার উপস্থিতিতে ওসি মামলার বাদীকে উদ্দেশ্য করে ‘আপনি কি সেই মাল?’ বলে মন্তব্য করেন। এছাড়াও স্থানীয় সাংবাদিক, ব্যবসায়ী ও সাধারণ ভুক্তভোগীদের অভিযোগ ছিলও ওসি এনামুল হক সরকারি মোবাইল নম্বরে অধিকাংশ সময় ফোন রিসিভ করতেন না। জরুরি প্রয়োজনে তার সঙ্গে যোগাযোগ করতে গিয়ে অনেকেই জোপাঙ্জির শিকার হয়েছেন বলে অভিযোগ রয়েছে। অন্যদিকে আদালতের নির্দেশ থাকা সত্ত্বেও একটি মামলা গ্রহণ না করা, নারী বাদীদের নিয়ে আপত্তিকর মন্তব্য করা এবং এক নারীকে ফেরাউনের সঙ্গে তুলনা করার অভিযোগ সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপকভাবে আলোচিত হয়। তবে ওসি মো. এনামুল হকের প্রত্যাহার ও সংযুক্তির বিষয়ে অফিস আদেশে নির্দিষ্ট কোনো কারণ উল্লেখ করা হয়নি। সেখানে শুধুমাত্র ‘প্রশাসনিক কারণ’ দেখিয়ে তাকে বরভনা পুলিশ সুপারের কার্যালয়ে সংযুক্ত করার কথা বলা হয়েছে।

সদর উপজেলা জামায়াতের

হবে, সমাজের অসহায় ও বঞ্চিত মানুষের কল্যাণে কাজ করতে হবে এবং ন্যায়বিচারে সমাজ প্রতিষ্ঠার জন্য সবর্বজনের জনগণের অস্থা অর্জন করতে হবে। তিনি কর্মীদেরকে সংগঠনের প্রতিটি কর্মসূচি বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রাখার এবং নিজেরদেরকে দক্ষ, যোগ্য ও আদর্শবান জনশক্তি হিসেবে গড়ে তোলার আহ্বান জানান। মাওলানা বাবর বলেন, ইসলামী আন্দোলনের কর্মীদের জীবনের মূল লক্ষ্য হতে হবে আল্লাহর সন্তুষ্টি অর্জন এবং সমাজে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার সঙ্গ্রামে নিজেরদের সর্বশক্তি নিয়োজিত করা। তিনি বলেন, “ব্যাঘতে জিন্দেদারি মাধ্যমে দ্বীন প্রতিষ্ঠার সঙ্গ্রামে আত্মনিয়োগাই মুমিন জীবনের একমাত্র লক্ষ্য হওয়া উচিত।” তিনি আরও বলেন, বর্তমান বিশ্বে ইসলাম সম্পর্কে নানা অপপ্রচার ও বিভ্রান্তি ছড়িয়ে দেওয়া হচ্ছে। এসব চ্যালেঞ্জ মোকাবিলায় কর্মীদেরকে কুরআন-সুন্নাহভিত্তিক জ্ঞান অর্জনে পারদর্শী হতে হবে এবং চরিত্র, আমল ও আচরণে ইসলামের প্রকৃত সৌন্দর্য তুলে ধরতে হবে। তিনি বলেন, একজন কর্মীর ব্যক্তিগত জীবন, পারিবারিক জীবন ও সামাজিক জীবন ইসলামী আদর্শের প্রতিচ্ছবি হওয়া প্রয়োজন। তিনি দেশ ও জাতির চলমান সংকটের কথা উল্লেখ করে বলেন, সং দক্ষ ও আল্লাহভীরু নেতৃত্বের অভাবে জনগণ আজ নানা সমস্যায় জর্জরিত। এ অবস্থা থেকে উত্তরণে আদর্শবান নেতৃত্ব গড়ে তোলার জন্য ইসলামী আন্দোলনের কর্মীদেরকে আরও বেশি দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। উপজেলা সেক্রেটারি কাওসার হোসাইনের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, উপজেলা নায়েরে আমীর মাওলানা ইসমাইল হোসেন নেসারী, কর্মপরিষদ সদস্য আবুল কালাম, মাস্টার আলী আব্রাহ্, মাওলানা ইউসুফ গাজী প্রমুখ নেতৃবৃন্দ।

জেনারেল জালে রাজা

ম্যানেজার নাহিদ বলেন, শনিবার সকালে কলাতলীচর আবাসন খালের কমাল মাবিসহ সঙ্গী জেলেরা রামনেওয়ার সৎসং যেনোয়া মাছ শিকার করছিল। এই সময় জারে ওঠে আসে রাজা ইলিশ মাছটি। উপকূলের জেলে ও মৎস্য আড়তদাররা বড়

সাইজের ইলিশকে রাজা মাছ বলে। মৎস্য ঘাটের বেপারি আইবুর পাটোয়ারী বলেন, আমিসহ অন্য বেপারিরা উপস্থিতিতে মাছটি আমানত উল্লেখ আলমগীরের মৎস্য আড়তে নিলামে তোলা হয়। পরে সর্বোচ্চ দাম ৯ হাজার টাকায় মাছটি কিনে নেন মৎস্য ব্যবসায়ী জোবায়ের হাসান রাজিব চৌধুরী। ব্যবসায়ী রাজিব চৌধুরী বলেন, ঢাকার পাইকারি আড়তে বড় সাইজের ইলিশের চাহিদা বেশি। ঢাকার পাইকারি আড়তে বেশি দামে মাছটি বিক্রি করতে পারব বলে আশাবাদী। মনপুরা উপজেলা মৎস্য কর্মকর্তা উজ্জ্বল বনিক বলেন, প্রতিবছর ইলিশ প্রজনন মৌসুম সফল হওয়ায় জেলের জালে বড় সাইজের ইলিশ ধরা পড়ছে। সামনে বর্ষায় বৃষ্টিপাত বাড়লে আরও বড় সাইজের ইলিশ ধরা পড়বে বলে আশাবাদী।

গাজায় দৈনিক একটি করে

গড়ে একটি করে শিশু প্রাণ হারিয়েছে।’ তিনি আরও বলেন, এই অস্বাভব মৃত্যু প্রমাণ করে, যুদ্ধবিরতির ঘোষণাটি কতটা ফাঁকি ছিল, এটি ফিলিস্তিনি শিশুদের ইসরায়েলি হামলা থেকে কোনো সুরক্ষাই দিতে পারেনি। ‘বিশ্ব যখন যুদ্ধবিরতির ভাষা নিয়ে আলোচনা করছে, গাজার পরিবারগুলো তখনো প্রতিদিনই তাদের সন্তানদের দাফন করে চলেছে।’ যোগ করেন জেমস এন্ডার। জেমস এন্ডার জানান, গাজার শিশুরা তাদের নিজস্বের ঘরবাড়ি, স্কুল ও খেলার মাঠের মধ্যে গণপরিসরে, এমনকি ফুটবল খেলা বা মাছ ধরার সময়ও হামলার শিকার হয়ে মারা যাচ্ছে। চলতি সপ্তাহের কিছু নির্মম ঘটনার উদাহরণ দিয়ে তিনি বলেন, ‘এই সপ্তাহেও একটি দুই বছরের শিশুকে ইসরায়েলি বাহিনী গুলি করে হত্যা করেছে। পরিবারের তীব্র ভেতর গুলিবিদ্ধ হয়ে মারা গেছে ১৩ বছরের এক শিশু। এছাড়া ইসরায়েলি বিমান হামলায় এক বাবা ও তার পাঁচ বছরের শিশু সন্তান নিহত হয়েছেন। এই মৃত্যুর ভিলান হচ্ছেই না।’ ইসরায়েলের দখলদারিত্বের তথ্যকথিত সীমানা বা ‘অরেঞ্জ লাইন’ ও ‘ইয়েলো লাইন’-এর ক্রমাগত সম্প্রসারণের দিকে ইঙ্গিত করে এন্ডার বলেন, ‘পরিষ্টিত এমন দাঁড়িয়েছে যে, সীমানার কাছাকাছি একটু অসতর্ক হলেই যে কারও গুলিবিদ্ধ হওয়ার ঝুঁকি তৈরি হচ্ছে।’ তিনি সাম্প্রতিক কিছু ঘটনার কথা উল্লেখ করেন, যেখানে তীব্রর ভেতর ১২ বছরের এক কিশোরীর বুকে গুলি লেগেছে এবং নিজের ঘরে থাকা অবস্থায় তিন বছরের এক শিশু কোয়াডকন্টার ড্রোন থেকে ছোঁড়া গুলিতে মুখে আঘাত পেয়েছে।

প্রচণ্ড গরমে লোডশেডিং

অবকাঠিমাগত ক্রটির কারণে ভবনটিতে বাইরের আলো-বাতাস প্রবেশ করে না বললেই চলে। ফলে তীব্র গরমের সময় বিদ্যুৎ না থাকলে এখানে অবস্থান করা কঠিন হয়ে পড়ে। তবুও রোগী ও স্বজনদের দিনের বিভিন্ন সময়ে করেক ঘণ্টা বিদ্যুৎহীন থাকতে হয়। নগরের ২৫০ শয্যার জেনারেল হাসপাতালের অবস্থাও আরও নাজুক। সেখানে দিনের বেশির ভাগ সময় বিদ্যুৎ থাকে না। রোগী ও স্বজনরা জানান, গভীর রাতে বিদ্যুৎ চলে গেলে তাদের নির্মম সময় কাটাতে হয়। অনেকেই ওয়ার্ড ছেড়ে বারান্দা বা খোলা মাঠে বসে থাকেন। দুই প্রতিষ্ঠানের দায়িত্বশীলরা জানান, শেবাচিম হাসপাতালের নতুন ভবন এবং জেনারেল হাসপাতালে জেনারেটর নেই। শুধু একটি ফিডারের বিদ্যুৎ সংযোগ রয়েছে। গত এক সপ্তাহ ধরে বিদ্যুৎ সরবরাহ সমুদ্র তে বরিশালে ব্যাপক দুর্ভোগ চলছে। প্রতিটি ফিডারে আধাঘণ্টা থেকে এক ঘণ্টা বিদ্যুৎ থাকলে পরবর্তী কক্ষপক্ষে এক ঘণ্টা বিদ্যুৎ থাকে না। বরিশাল জেনারেল হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড ঘুরে দেখা যায়, প্রচণ্ড গরমে রোগী ও স্বজনরা হাসফাস করছেন। অনেকে হাতপাখার বাতাসে স্বেচ্ছ ঝুঁজছেন। প্রধান ভবনের নিচতলায় পুরুষ সার্জারি ওয়ার্ডে বিদ্যুৎ প্রবাহ উঠতেই পঞ্চাশেরো রোগী আন্দুল গুহাব বলেন, ‘আমারে প্রধানমন্ত্রীর ফোন নম্বরটা আইনন্যা দেন। আমি ফোন দিয়ে বিদ্যুতের কতা কমু।’ বিদ্যুৎ সংকট নিয়ে রোগী ও স্বজনরা ক্ষোভ প্রকাশ করেন। তারা জানান, নগরের অন্যান্য এলাকার তো এটি হাসপাতালেও প্রতি এক ঘণ্টা পরপর বিদ্যুৎ চলে যায় এবং লোডশেডিং থাকে অন্তত এক ঘণ্টা। একই ওয়ার্ডের অন্য রোগীর স্বজনরাও বিদ্যুৎ নিয়ে ক্ষোভ জানান। আরিফুর রহমান নামে এক ব্যবসায়ী বলেন, বিদ্যুৎ গেলে হাতপাখা, মোমবাতি ও মোবাইল ফোনের আলোই একমাত্র ভরসা। শেবাচিম হাসপাতালের মুখপাত্র সহকারী পরিচালক ডা. আদুল মুনাসসাদ জানান, আরেকটি ফিডারের সংযোগ চেয়ে বিদ্যুৎ বিভাগে আবেদন করা হয়েছে এবং জেনারেটরের চাহিদাপত্র গণপূর্ত বিভাগে দেওয়া হয়েছে। পাওয়ার গ্রিড উপকেন্দ্র বরিশালের নির্বাহী প্রকৌশলী আভারুজ্জামান পলাশ জানান, জাতীয় গ্রিড থেকে চাহিদার ২৫ থেকে ৩০ শতাংশ কম বিদ্যুৎ সরবরাহ থাকে যাচ্ছে। এ কারণে সব ফিডার পালাক্রমে সচল রাখা হচ্ছে।

জমি বিরোধে বাবার লাশ

এমন বাধা সৃষ্টি হয়। স্থানীয় বাসিন্দা আবুল বারেক বলেন, ভাইবোনের মধ্যে সম্পত্তি নিয়ে অনেক বিবাদই চলছিল। মৃত্যুর আগে তাদের বাবা জলিল পণ্ডিত মীমাংসা করে দিতে পারেনি, তাই মৃত্যুর পরে এই জটলার সৃষ্টি হয়। পরবর্তীতে এলাকারীরা সন্তানদের বৃষ্টিয়ে মৃত জলিল পণ্ডিতের লাশ নিজ বাড়ির উঠানে জানাড়া শেষে ভড়িঘাড় করে দাফন সম্পন্ন করেন। শিশুকণণ থানার ওসি ফিরোজ আহমেদ বলেন, আমাদের থানার পাশে এ ঘটনা শুনে পুলিশ পাঠিয়েছি। তারা চার মাসের দশ ভাইবোন। সম্পত্তির জন্য লাশ মাটি দিতে বাধা দিলেও পরবর্তীতে স্থানীয়দের সমঝোতার মীমাংসা করে লাস দাফন করা হয়। পরিস্থিতি এখন শান্ত আছে। এই ঘটনায় পুরো এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে এবং বিষয়টি নিয়ে স্থানীয়দের মধ্যে তীব্র আলোচনা-সমালোচনা চলছে।

কার্টুন দেখানোর প্রলোভনে তিন

থাকলেও বর্তমানে তার ঘরে কোনো জী নেই। ঘটনার পর থেকে তিনি গা-ঢাকা দিয়েছেন। শিশুর চাটা জানান, শিশুটিকে বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। ইতোমধ্যে তার মেডিকেল টেস্ট সম্পন্ন করা হয়েছে। গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা. কৌকির আহমেদ জানান, শিশু শিশুটিকে বরিশাল শের-ই রক্তাক্ত অবস্থায় নিয়ে স্বজনরা ওইদিন গভীর রাতে হাসপাতালে নিয়ে আসে। উন্নত চিকিৎসার জন্য ওই রাতেই তাকে বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। গৌরনদী মডেল থানার এসআই মো. ফিরোজ আলম বলেন, খবর পেয়ে ওই রাতেই আমি গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যাই। সেখানে গিয়ে দেখি শিশুটিকে বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। পরে ঘটনাস্থল পরিদর্শন করেছি। তিনি জানান, এ ঘটনায় এখন পর্যন্ত কেউ থানায় অভিযোগ দেয়নি। লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

কীৰ্তনখোলা ডেস্ক
চাপাইনবাবগঞ্জের শিবগঞ্জ সীমান্ত দিয়ে ২০ জনকে বাংলাদেশে পুশ-ইনের চেষ্টা করে
ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। তবে বিজিবির বাধার মুখে সেই চেষ্টা ব্যর্থ হয়
এ ঘটনাকে কেন্দ্র করে ওই সীমান্তে কিছু সময়ের জন্য ৩ এর পাতায় দেখুন

উত্তাল সাগরে মাছের আকাল, হতাশ
হয়ে ফিরছে হাজারো মাছধরা ট্রলার

জুলাই গণঅভ্যুত্থানের শহিদ পরিবারগুলোর
খোঁজখবর নিলো জাতীয় 'নারী শক্তি'

অংশীদারত্ব নির্ধারণের আগেই বিরোধপূর্ণ জমিতে ঘর নির্মাণ

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি
 **নিউ লাইফ**

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

বরিশাল ॥ রবিবার ॥ ২১ জুন ২০২৬ ॥ ০৭ আষাঢ় ১৪৩৩

কর্মীরাপাড়া ডাঙা
কর্মীরাপাড়া কর্মসূচী-কর্মীরাপাড়ার
সীমান্তবর্তী রাজস্বিক নগর
কেন্দ্র আগামী ১ জানুয়ারি
কর্মীরাপাড়ার হওয়ায় নগরকে
সাম্প্রদায়িক বৈষম্যের বিরুদ্ধে
বৈশিষ্ট্য সুযোগে পথে যাত্রা
করবে ২০ প্রজন্মের কর্মীরা

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ	নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স শেখ-ই-বাল্লা মেডিকেল কলেজ এর সামনে বক্স রোড, বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৩, ০১৭০৬-৩৫৪৮৭৫	চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস বিগ কে.বি. হোয়াতে উল্লি রোড (গির্জাঘর), বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা সিরিয়ালের জন্য: ০১৭৫২-০১৪৪৩৮, ০১৭১১-২৪০৬৩৬

বিশেষ করে চিফিন ঢাকা প্যাণ্ড
গুণ বাড়িয়ে ২০০ টাকা থেকে
১,০০০ টাকা করবার প্রস্তাব থায়
চুড়ান্ত পর্যায়ের রয়েছে বলে
সমস্ট্রী সনদে জানা গেছে। ২০১৫
সালে অষ্টম পে স্কেল ঘোষণার
পর এটিই হতে যাচ্ছে সরকারি
চাকরিরীদের বেতন-ভাতার

সমন্বয়ে বড় পরিবর্তন। টিমিং
ভাঙা বৃদ্ধির খবরে সচিবালয়ে
থেকে শুরু করে মারিগোয়ার
কমচারীদের মধ্যে ইতিবাচক
প্রতিক্রিয়া দেখা গেছে বলে জানা
গেছে। অনেকেই সামাজিক
যোগাযোগপাধ্যম এ সিদ্ধান্তকে
ও প্রশংসা পাওয়া দেখেন

সবচেয়ে বড় পরিবর্তন। টিফিন ভাতা বৃদ্ধির খবরে সচিবালয় থেকে গুরু করে মাঠপর্যায়ের কর্মচারীদের মধ্যে ইতিবাচক প্রতিক্রিয়া দেখা গেছে বলে জানা গেছে। অনেকেই সামাজিক যোগাযোগমাধ্যমে এ সিদ্ধান্তকে ৩ এর পাতায় দেখুন

গীর্জনখোলা ডেস্ক
জন্মার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর সঙ্গে তার সম্পর্ক দৃঢ়, কিন্তু নেতানিয়াহুকে 'মানসিকভাবে সুস্থ' রাখতে মাঝে মাঝে কঠিন হতে হয় তার। গতকাল শুক্রবার মার্কিন ও এর পাঠ্য দেখুন

বৈষম্যহীন সমাজ বিনির্মাণে একযোগে
কাজ করতে হবে: মাসদ সাঈদী এমপি

তালি স্থাপন
জনসাধারণের
বাধ্যতাস্ত করার
ব্যবস্থা গ্রহণের
দেখুন

পদ স্থগিত বিএনপি নেতার
বিরুদ্ধে এলাকাবাসীর বিক্ষোভ

ধরনের ভাব
হতে পারে।
শি দি
এবং
প্রায়
কাজে
ন) সকাল ৮টা
পাতায় দেখুন

বাপুশ্রু প্রতিদিন
বাপুশ্রুর বাপুশ্রু উপজেলার চাঁদপাশা ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ড
বৈদ্যপদ পদ স্বগৃহিত নেতা জাকির হোসেন মোল্লার বিরুদ্ধে বিস্ফো
ও প্রতিবাদ কর্মসূচি পালন করেছেন স্থানীয় এলাকাবাসী। গত ১৯ জু
বিস্ফো কর্মসূচি উপজেলার রেক্সিভাটা স্টেশন এলাকায় এ কর্মসূচি
অসুস্থ হতে। স্থানীয়দের দাবি, চাঁদপাঞ্জির অভিযোগে সাংগঠনিক প
স্বগৃহিত হওয়ার পর জাকির মোল্লা ও এর পাতায় দেখুন

য়ার্ড কেডিসি বিএনপি অফিস পরিদর্শন করে পাকা এক তলা অফিস ভবন করে দেয়া
মানগর বিএনপির সদস্য সচিব জিয়া উদ্দিন সিকদার -কীর্তনখোলা

বিসমিল্লাহির রাহমানির রাহিম

মি. উপজেলায়
নিষিদ্ধ ঘোষিত
নোতকম্মীকে
পুলিশ। রাষ্ট্রের
অনবর্তিত এবং
পরিচালনার
দরকে শ্রেণীর
র (১৯ জুন)
ক বেতাগী
এলাকা থেকে
রা হয়। রাতে
রপ্রাণ্ড কর্মকর্তা
নন অর রুগীদ
য়টি নিকিত
রাহা হল
য়ে বন্দন

কম্পিউটারের সবকিছুই
আপনার নাগালে

ইশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়, বরিশাল। মোবাইল: ০১৭৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
 মায়ের দেয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মদিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykironkhola@gmail.com